

এ নির্বাচনের চরিত্র বলতে গিয়ে একুশে টিভিতে একজন পর্যালোচক বলেছিলেন, এবারের নির্বাচন মূল জনগণের বিজয় বলা চলে। এটা বলেছিলেন দুপুরের দিকে। যখন কোনো ফলাফলের বিষয় আসেনি। এ নির্বাচনে জনগণের বিজয় হলো তারা ভোট প্রদানের নিশ্চয়তা পেয়েছে, প্রতিটি ভোটারকে প্রার্থীরা গুরুত্ব দিয়েছে। জনগণের প্রত্যাশা ছিল সন্ত্রাসমুক্ত পরিবেশে ভোট। দেশের মানুষ এবার তা পেয়েছে। অষ্টম জাতীয় সংসদ নির্বাচন সত্যিকার অর্থেই দেশবাসীর জন্যে ছিল ভোট-উৎসব।

এই উৎসবের ভেতরই জনগণ বদলে দিলো সমগ্র প্রেক্ষাপট, দেশের রাজনীতির পুরো চালচিত্র। তত্ত্বাবধায়ক সরকারের প্রাঙ্গতায় ভোট কেন্দ্র ছিল ঝামেলাহীন। আগে যেখানে দেখা যেত দলীয় কর্মীদের দাপট। সেখানে প্রতিষ্ঠিত হলো ভোটারদের একচ্ছত্র অধিকার। দলীয় কর্মীরা, উভয়পক্ষই একত্রিতভাবে ভোটারদের সহায়ক হিসেবে কাজ করছে শুধু। এবং নির্বাচনে জনগণ প্রতিবাদ জানিয়েছে সন্ত্রাস ও দুর্নীতির বিরুদ্ধে। জনগণের রায় মেনে নিয়ে সকলকে কাজ করতে হবে। সেটাই হবে গণতন্ত্রের পক্ষে আরো একধাপ উন্নতরণ। নির্বাচনকে সুষ্ঠু ও অবাধ করতে তত্ত্বাবধায়ক সরকার ও নির্বাচন কমিশনের ভূমিকাকে আমরা জানাই আন্তরিক সাধুবাদ।

